বাংলাদেশ

জীবন বাঁচাতে জাকাত

অদম্য হাসানের পাশে আমরা দাঁড়াতে পারি কি

বিজ্ঞাপন বার্তা

হাসান গাজী

প্রথম দেখায় হাসান গাজীকে মনে হতে পারে যেন ১৩-১৪ বছরের কিশোর। ২৪ বছরের যুবকের শীর্ণকায় দেহ দেখে যে কারও তা-ই মনে হওয়ার কথা। জন্ম থেকে পা বিকলাঙ্গ হাসান এখন প্রতিদিন ৮ থেকে ১০ ঘণ্টা দিব্যি কাজ করে চলেছেন নীলক্ষেতের একটি বই ও প্রিন্টিংয়ের দোকানে। আর এমন অবস্থায় পরিবারের সবাইকে ছেড়ে তাঁর ঢাকা আসতে হয়েছে শুধু থ্যালাসেমিয়া রোগের কারণে।

১ বছর বয়সে ঢাকায় অস্ত্রোপচার চিকিৎসা করাতে এসে থ্যালাসেমিয়া ধরা পড়ে পটুয়াখালীর এই ছেলেটির। প্রতি

ফলো করুন শেয়ার করুন

দরিদ্র কাঠমিস্ত্রি বাবার পক্ষেও ছেলের চিকিৎসা চালানো প্রায় অসম্ভব হয়ে পড়ে। হাসান জানায়, ‘কী করবে কন, এখন তো এলাকায় সব ইট-বালির ঘর। কাঠের ঘর কয়জন করে!’

শরীরের এই অবস্থার মধ্যেও নিজের চিকিৎসার খরচ তাঁর জোগাড় করতে দিনরাত পরিশ্রম করতে হচ্ছে। দরিদ্র পরিবারটির পক্ষে ছেলের চিকিৎসার খরচ টানা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। তাঁর ভাষায়, ‘তারা নিজেই তো টানাটানির মধ্যে থাকে, আমারে টেকা দিবো কই থাইক্যা!’

হাসান গাজী

কিন্তু এসবের মধ্যেও নিজের স্বভাবজাত শুষ্ক হাসিটা ধরে রাখার চেষ্টা করে চলেছেন হাসান। যখন বোঝেন রক্ত লাগবে, তার আগেই চেষ্টা করেন বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালে ছুটে যেতে। হাসান বলেন, ‘অসুস্থতা নিয়ে বিছানায় পড়ে থাকলে তো পেটে ভাত ঢুকবে না, বুঝছেন না? রেস্ট-টেস্ট আমাগো কাম না।’

তবে অদম্য হাসানের মলিন হাসিটাকে আমরা ফিরিয়ে দেওয়ার চেষ্টা করতে পারি। মানুষটাকে একটু ‘রেস্ট’ দিতে পারি। তার জন্য প্রয়োজন সাহায্য। এই পবিত্র রমজান মাসে আপনাদের জাকাতের অর্থ পারে থ্যালাসেমিয়ায় আক্রান্ত অসুস্থ এমন রোগীদের পাশে দাঁড়াতে।

থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালে হাসানের মতো ৬ হাজার ২১৪ জন রোগী নিয়মিত চিকিৎসা নিচ্ছেন। এর মধ্যে ১ হাজার ৭৬১ জন দরিদ্র রোগী চিকিৎসার জন্য সারা বছর জাকাতের ওপর নির্ভরশীল।

ফলো করুন শেয়ার করুন

১. ব্যাংক অ্যাকাউন্টের নাম : বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড)

অ্যাকাউন্ট নম্বর : ১০৮১১০০০৩৭৭০৩, ডাচ্-বাংলা ব্যাংক, শান্তিনগর শাখা, ঢাকা।

২. অনলাইনে ভিসা, মাস্টারকার্ড বা আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন

www.thals.org/zakat

৩. বিকাশ/নগদ/উপায় মার্চেন্ট নম্বর : ০১৭২৯২৮৪২৫৭ (‘পেমেন্ট’ অপশন ব্যবহার করে কাউন্টার নম্বরে ‘০’ দিন)

ফাউন্ডেশনের জাকাত ফান্ড সম্পর্কে আরও জানতে ভিজিট করুন : www.thals.org/bn/zakat- for- life

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো